# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

www.sylhetboard.gov.bd, e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং-সিশিবো/পনি/মাধ্য/২০২২/৯৫২ তারিখ ঃ ২৮/১১/২০২২ খ্রি.

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ-কমিটির স্মারক নং-আশিবো/প্রশা/২০১০/১০২, তারিখ ঃ ২৪/১১/২০২২ খ্রি. মোতাবেক সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের এসএসসি পরীক্ষার ফলাফল অদ্য ২৮/১১/২০২২ তারিখ রোজ সোমবার প্রকাশ করা হবে। সংশ্লিষ্ট সকলকে বেলা ১২.০০ টা হতে নিম্নবর্ণিত উপায়ে ফলাফল সংগ্রহ এবং পুনঃনিরীক্ষণের আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

১। বোর্ড হতে পরীক্ষার ফলাফলের কোন হার্ডকপি সরবরাহ করা হবে না। সিলেট শিক্ষা বোর্ডের ওয়েবসাইটঃ **www.sylhetboard.gov.bd** এ **Exam Result** প্যানেলে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের **EIIN** এন্ট্রি করে স্ব-স্ব প্রতিষ্ঠান **Result Sheet download/print** করতে পারবে। এসএসসি পরীক্ষা-২০২২ এর ফরম পূরণের সময় প্রদত্ত মোবাইল নম্বরে পরীক্ষার্থীর ফলাফল প্রদান করা হবে।

২। পরীক্ষার্থীগণ সমন্বিত শিক্ষা বোর্ড সমূহের ওয়েবসাইট ঃ **www.educationboardresult.gov.bd** এবং সংশ্লিষ্ট বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে পরীক্ষার ফল সংগ্রহ করতে পারবে।

৩। যে কোন মোবাইল নম্বর হতে **SSC<>Board Name<>Roll<>Year** লিখে **SEND to 16222** এ **SMS** এর মাধ্যমে ফলাফল জানা যাবে।

(উদাহরণ ঃ **SSC<>Syl<>101214<>2022** লিখে **SEND to 16222**)

৪। পুনঃনিরীক্ষণের জন্য **SMS** এর মাধ্যমে ২৯/১১/২০২২ তারিখ থেকে ০৫/১২/২০২২ তারিখ পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে। আবেদন পদ্ধতি টেলিটক বাংলাদেশ লি. প্রদত্ত বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যাবে।

৫। উল্লেখ্য শিক্ষা মন্ত্রনালয়, শিক্ষা বোর্ড বা পত্রিকা অফিসে পরীক্ষার ফল পাওয়া যাবে না বা প্রকাশিত হবে না।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৮/১১/২০২২

(প্রফেসর অরুন চন্দ্র পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

২৮/১১/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (ক্রম জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪। জেলা প্রশাসক, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার ও সুনামগঞ্জ।
৫। অত্র বোর্ডের আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার।
৬। সংরক্ষণ নথি।